প্রগতিশীল প্রযুক্তি
অন্তর্ভুক্তিমূলক উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগাঁরগাও, ঢাকা- ১২০৭
www.srdl.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২৩.৪৮৮

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩০
১৯ মে ২০২৩

বিষয়: **শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের ৩৬,০২০ জন শিক্ষকের প্রশিক্ষণ কার্যক্রম তদারকী, সমন্বয় ও সুষ্ঠু বাস্তবায়ন সংক্রান্ত।**

সূত্র: ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে ১৬/০৫/২০২৩ তারিখে সম্পাদিত চুক্তিপত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প" এ অধিদপ্তরের একটি ফ্লাগশিপ প্রকল্প। প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৪০০১টি ও ২য় পর্যায় ৫০০০টিসহ মোট ৯০০১টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। পরবর্তীতে ৩০০টি সংসদীয় আসনে ৩০০টি "শেখ রাসেল স্কুল অফ ফিউচার" স্থাপন করা হয়েছে। ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য ল্যাব প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ৪ জন করে মোট ৩৬,০২০ জন শিক্ষককে ১০ দিন ব্যাপী **"আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেন্যান্স"** বিষয়ক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শীঘ্রই প্রশিক্ষণটি শুরু হবে। ইতোমধ্যে ৯টি ভেন্ডর প্রতিষ্ঠান নির্বাচন করে চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে। প্রতি ব্যাচে ২০ জন হিসেবে প্রত্যেক ভেন্ডর প্রতিষ্ঠান গড়ে ২০০টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করবে। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

ক) নির্ধারিত সফটওয়্যার ব্যবহার করে প্রতি প্রতিষ্ঠান থেকে প্রতি ব্যাচে ১ জন হিসেবে ২০ জনের ব্যাচ তৈরী নিশ্চিত করতে হবে।

খ) প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীদের যথাসময়ে উপস্থিতি ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

গ) উপজেলা সদর/নিকটবর্তী সুবিধাজনক শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবে প্রশিক্ষণের ভেন্যু হিসেবে ও বিকল্প ভেন্যু নির্ধারণ নিশ্চিত করতে হবে।

ঘ) প্রশিক্ষণ ভেন্যুর ল্যাপটপ, ইন্টারনেট সংযোগ, অন্যান্য আইটি সামগ্রী সম্পূর্ণ ব্যবহার উপযোগী নিশ্চিত করতে হবে।

ঙ) নির্ধারিত সময়সূচি অনুযায়ী প্রশিক্ষণ যথাযথভাবে পরিচালনা নিশ্চিত করতে হবে।

চ) নমুনা অনুযায়ী ম্যানুয়াল, ব্যাগ, ফোল্ডার, কাগজ, কলম ইত্যাদি প্রশিক্ষণ সামগ্রী প্রশিক্ষণার্থীদের প্রদান নিশ্চিত করতে হবে।

ছ) প্রতি ব্যাচে উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান আয়োজন নিশ্চিত করতে হবে।

জ) মাননীয় সংসদ সদস্য, জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা পরিষদ চেয়ারম্যান,উপজেলা নির্বাহী অফিসার,জেলা শিক্ষা অফিসার,জেলা/উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ গণ্যমান্য ব্যাক্তিকে উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো ও উপস্থিতি নিশ্চিত করতে হবে।

ঝ) নির্ধারিত প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা নিশ্চিত করতে হবে।

ঞ) প্রতিটি ব্যাচের প্রশিক্ষণ শুরুর পূর্বে এবং সমাপ্তির পরে মূল্যায়ন পরীক্ষা গ্রহণ নিশ্চিত করতে হবে।

ট) সকল প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সনদ প্রদান নিশ্চিত করতে হবে।

ঠ) প্রশিক্ষণের সমাপ্তির দিনে প্রশিক্ষণ ভাতা নগদ, মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্টে প্রদান নিশ্চিত করতে হবে।

ড) প্রতি ব্যাচের শেষের দিনে প্রশিক্ষণের তথ্য সংশ্লিষ্ট সফটওয়্যারে আপলোড /ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে।

ঢ) প্রশিক্ষণের বিষয়টি জেলা/ উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভায় নিয়মিত আলোচনা, পর্যালোচনা এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে।

ণ) প্রশিক্ষণের বিষয়টি স্থানীয় পত্রিকা, ওয়েব সাইট, অনলাইন/সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার নিশ্চিত করতে হবে।

ত) প্রশিক্ষণ শেষে ২০ মিনিটের একটি পূর্ণাংগ Documentary এবং ৫ মিনিটের AV প্রকল্প দপ্তরে জমা প্রদান নিশ্চিত করতে হবে।

থ) প্রশিক্ষণ শেষে জেলা/উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, উপজেলা মাধ্যমিক শিক্ষা

অফিসার/সমপর্যায়ের কর্মকর্তা ও ভেন্যুর অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার/প্রতিষ্ঠান প্রধান এর যৌথ স্বাক্ষরে প্রত্যয়ন প্রদান নিশ্চিত করতে হবে।

০২। এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে আয়োজন ও সম্পন্ন করে প্রতি ব্যাচের পর লিখিত প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৯-৫-২০২৩
এস এ এম রফিকুন্নবী
অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
ফোন: ০২-৫৫০০৬৮২৬
ফ্যাক্স: ০২-৫৫০০৬৮২৬
ইমেইল: pdsrdl@doict.gov.bd

বিতরণ :

১) প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

২) সহকারী প্রোগ্রামার(সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২৩.৪৮৮/১(২৬৬)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩০
১৯ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

৩) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

৪) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

৫) বিভাগীয় কমিশনার,খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম।

৬) জেলা প্রশাসক (সকল)।

৭) উপ প্রকল্প পরিচালক (সাধারন), প্রকল্প পরিচালকের দপ্তর , শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)।

৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)।

৯) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০) সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।

১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।

১২) উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা(সকল অঞ্চল)।

১৩) জেলা শিক্ষা অফিসার(সকল){তাঁর জেলাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ}।

১৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৫) টিম লিডার,পরামর্শক প্রতিস্থান ডিডিসি এন্ড এমসিসি লিমিটেড (শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে চলছে কিনা এবং সকল নিয়মকানুন মেনে হচ্ছে কিনা তা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রদান করার অনুরোধসহ)

১৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল){তাঁর উপজেলাধীন শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ}।

১৭) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট, .......................কলেজ/ বিদ্যালয়/ মাদ্রাসা/...................।

১৯-৫-২০২৩
এস এ এম রফিকুন্নবী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)